দৈনিক সংবাদ

তারিখ 30 JUN 1993
পৃষ্ঠা ৩ কলাম ৪

# খুলনা পলিটেকনিকে অচলাবস্থা সাধারণ ছাত্রছাত্রীরা হতাশ

।। মানিক সাহা ।।

খুলনা, ২৯শে জুন।– ঐতিহ্যবাহী খুলনা পলিটেকনিক ইনস্টিটিউটে মারাত্মক অচলাবস্থা বিরাজ করছে। অধ্যক্ষের অপসারণ, বিনা বিলে অবাধ টেলিফোন করার সুযোগ প্রদানসহ ৫ দফা দাবি নিয়ে ছাত্র সংসদ আন্দোলন শুরু করার পটভূমিতে পাল্টা ব্যবস্থা হিসেবে সকল শিক্ষক গত ২৪শে জুন থেকে অনির্দিষ্ট–কালের জন্য ক্লাস বর্জন শুরু করেছেন। এর ফলে ইনস্টিটিউটে চাপা উত্তেজনা বিরাজ করছে।

খুলনা ঃ পৃঃ ২ কঃ ৫

## খুলনা ঃ পলিটেকনিকে অচলাবস্থা

( ১ম পৃষ্ঠার পর )

গত ২৪শে জুন সকালে খুলনা পলিটেকনিক ইনস্টিটিউট শিক্ষক সংঘ "বাপশিস"–এর এক জরুরী সভা সংগঠনের সভাপতি আবদুল ওয়াহাবের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় গৃহীত সিদ্ধান্তে ছাত্র সংসদের দাবিকে সম্পূর্ণ অযৌক্তিক আখ্যা দেয়া হয় এবং ইনস্টি–টিউটের সার্বিক পরিস্থিতির অবনতি হওয়ায় শিক্ষক–কর্মচারীদের নিরাপত্তা বিঘ্নিত হওয়ার আশংকা ব্যক্ত করা হয়। সভায় আরো বলা হয়, আসন্ন 'পর্ব সমাপনী' পরীক্ষায় অসদুপায় অবলম্বনের জন্য ছাত্র সংসদ ওই দাবি উত্থাপন করেছে।

অন্যদিকে গত প্রকৌশল ডিপ্লোমা চূড়ান্ত পরীক্ষায় কিছুসংখ্যক ছাত্রের অসদুপায় অবলম্বন এবং একজন বোর্ড কর্মকর্তাকে নাজেহাল করার অভিযোগে কারিগরি শিক্ষা বোর্ড খুলনা পলিটেকনিক ইন–স্টিটিউটের ৩১৭ জন পরীক্ষার্থীর সকলকে ফেল করিয়ে দিয়েছেন। এনিয়ে চলছে পরীক্ষার্থীদের আন্দোলন। শেষ পর্যন্ত ছাত্ররা চাঁদা তুলে বোর্ডের ওই সিদ্ধান্তের বিরুদ্ধে হাইকোর্টে মামলা করার সিদ্ধান্ত নিয়েছে।

খুলনা পলিটেকনিক ইনস্টিটিউটের ইলেকট্রনিকস বিভাগের শিক্ষকরা দীর্ঘদিন থেকে বেতন পান না। এছাড়া বহুমুখী সমস্যার ভারে এই প্রতিষ্ঠানটি জর্জরিত।